রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৯, ২০১৭

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ আষাঢ়, ১৪২৪/১৯ জুন, ২০১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৫ আষাঢ়, ১৪২৪ মোতাবেক ১৯ জুন, ২০১৭ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৭ সনের ১৩ নং আইন

### ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **২০১৬-২০১৭ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৮৩৭০,২২,৫০,০০০ (আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদান**।—২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৮৩৭০,২২,৫০,০০০ (আঠারো হাজার তিনশত সত্তর কোটি বাইশ লক্ষ পঞ্চাশ হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৭ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৬ | সরকারি কর্ম কমিশন | -৩,৭৪,৫০ | ৫,০০,০০ | ১,২৫,৫০ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ৩০৫,৯১,১৬ | ৩০৫,৯১,১৬ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৯৩,২০,৩০ | ৯৩,২০,৩০ |
| ১৪ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৭০,৪৩ | ৭০,৪৩ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১০৮০,৮৩,৩৩ | ১০৮০,৮৩,৩৩ |
| ১৭ | সশস্ত্র বাহিনী বিভাগ | ০ | ১,৮৪,৩৫ | ১,৮৪,৩৫ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ২,৬৬,১৮ | ২,৬৬,১৮ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ২১৪৩,৯৭,৪০ | ২১৪৩,৯৭,৪০ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২২,২৪,২৫ | ২২,২৪,২৫ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ২০৫৫,২১,০৭ | ২০৫৫,২১,০৭ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৮১,৪৩,৯৪ | ৮১,৪৩,৯৪ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৩৬,৩৮,৯৯ | ৩৬,৩৮,৯৯ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৯২৭,১৪,৮০ | ৯২৭,১৪,৮০ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ২৪৫,৪৭,১৬ | ২৪৫,৪৭,১৬ |
| ৩৭ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ২৭৭,৪৭,১৩ | ২৭৭,৪৭,১৩ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪১ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ৮১৭,৩০,৮৬ | ৮১৭,৩০,৮৬ |
| ৪৩ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৪২,৪০,৯৩ | ৪২,৪০,৯৩ |
| ৪৫ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৯৪১,৬৮,৭৯ | ৯৪১,৬৮,৭৯ |
| ৪৬ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০ | ১১৬৬,৭৩,২৭ | ১১৬৬,৭৩,২৭ |
| ৪৭ | রেলপথ মন্ত্রণালয় | ০ | ২২,৪৯,৪০ | ২২,৪৯,৪০ |
| ৪৮ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ১৭৫,৪২,৫৮ | ১৭৫,৪২,৫৮ |
| ৫০ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ৩৮৯,৭৪,৫৩ | ৩৮৯,৭৪,৫৩ |
| ৫১ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৩১,৮৬,৮৭ | ১৩১,৮৬,৮৭ |
| ৫২ | বিদ্যুৎ বিভাগ | ০ | ৩৮৭,৬৩,২৩ | ৩৮৭,৬৩,২৩ |
|  | সুপ্রীম কোর্ট | ১২,৬৬,৮৫ | ০ | ১২,৬৬,৮৫ |
| ৫৮ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ৪৭৫৬,৪৬,২৪ | ৪৭৫৬,৪৬,২৪ |
| ৫৯ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ২২৫০,০২,৯৬ | ২২৫০,০২,৯৬ |
|  | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবী** | **৮,৯২,৩৫** | **১৮৩৬১,৩০,১৫** | **১৮৩৭০,২২,৫০** |

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd